

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৬০

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪) কাপড় ইত্যাদিতে পেশাব লেগে যাওয়া এবং তা থেকে মুক্ত না হওয়ার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترهيب من إصابة البول الثوب وغيره وعدم الاستبراء منه

আরবী

(حسن لغيره) وَعَنْ أبي بكرة رَضِيَ اللَّهُ عَنْهُ قال: بينما النبي صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يمشي بيني وبين رجل آخر إذ أتى على قبرين فقال إن صاحبي هذين القبرين يعذبان فائتياني بجريدة. قال أبو بكرة فاستبقت أنا وصاحبي فأتيته بجريدة فَشَقَها نِصْفَيْنِ فوضع في هذا القبر واحدة وفي ذا القبر واحدة وقال لعله يخفف عنهما ما دامتا رطبتين إنهما يعذبان بغير كبير الغيبة والبول.

رواه أحمد والطبراني في الأوسط واللفظ له وابن ماجه مختصرا

বাংলা

১৬০. (হাসান লি গাইরিহী) আবু বাকরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একদা জনৈক ব্যাক্তি ও আমার মাঝখান দিয়ে হাঁটছিলেন। এমন সময় তিনি আসলেন দু'টি কবরের নিকট। অতঃপর বললেন, এ দু'কবরের অধিবাসীকে আযাব দেয়া হচ্ছে। তোমরা আমাকে একটি খেজুরের ডাল এনে দাও।

আবু বাকরা (রাঃ) বলেন, ডাল আনার জন্য আমি এবং আমার সাথী প্রতিদ্বন্ধিতা করলাম। শেষে আমিই একটি ডাল নিয়ে এলাম। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ডালটিকে দু'ভাগে ভাগ করলেন। অতঃপর একভাগ রাখলেন এই কবরে আর এক ভাগ রাখলেন ঐ কবরে। আর বললেনঃ

''ডাল দু'টি যতক্ষণ তাজা থাকবে ততক্ষণ আশা করা যায় তাদের কবর আযাব হালকা করা হবে। খুব বড় কারণে তাদের আযাব হচ্ছে না। কারণ হল, একজন গীবত করত ও অপরজনের পেশাব (থেকে সতর্ক থাকত না)।''

(আহমাদ ৫/৩৫, ত্বাবরানী [আওসাত[গ্রন্থে ও ইবনে মাজাহ্ সংক্ষিপ্তভাবে হাদীছটি বর্ণনা করেছেন ৩৪৯, এ হাদীছের বাক্য ত্বাবরানীর)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন